

Dated: 31.05.2018

Enclosed is the news clipping appeared in the 'Dainik Statesman,' a Bengali daily dated 31.05.2018, the news item is captioned 'মেয়ের অবহেলায় মৃত্যু মায়ের'

Superintendent of Police, Dakshin Dinajpur is directed to enquire into the matter and to submit a report by 10th July, 2018.

(Justice Girish Chandra Gupta)
Chairperson

মেয়ের অবহেলায় মৃত্যু মায়ের

নিজস্ব সংবাদদাতা, বালুরঘাট, ৩০ মে— মেয়ের অবহেলায় হোমগার্ডের মাকে ছিড়ে খেল শেয়াল। হাত ও পায়ের আঙুল খুবলে খাওয়ার মৃত্যু হল ষাটোর্ধ্ব মহিলার। বালুরঘাট শহর লাগোয়া চকভূণ্ডুর শিমুলতলী এলাকায় এই ঘটনা ঘটে। মৃত্যুর নাম গীতারানি রায় (৭৫)। এই ঘটনার তদন্তের দাবি জানিয়ে হোমগার্ড ছেলে দেবাশিস রায় বালুরঘাট থানায় লিখিত অভিযোগ করেছেন। প্রতিবেশীরা অবশ্য এই ঘটনার জন্য মহিলার মেয়েকেই কাঠগড়ায় দাঁড় করিয়েছে। সম্পত্তি হাতিয়ে নিয়ে ঘরের বাইরে ফেলে রাখা হয়েছিল অসুস্থ বৃদ্ধাকে। রাতের অন্ধকারে শেয়ালের আক্রমণের মুখে পড়ে মৃত্যু হয় মহিলার। যদিও এই অভিযোগ অস্বীকার করেছেন মেয়ে অনিতা মণ্ডল।

বালুরঘাট থানার আইসি সঞ্জয় ঘোষ জানিয়েছেন, মৃতদেহটি উদ্ধার করে ময়না তদন্তের জন্য জেলা

হাসপাতালে পাঠানো হয়েছে। পুলিশ তদন্তে নেমেছে।

চকভূণ্ডুর কালীবাড়ি এলাকার রাসিন্দা গীতারানি রায়ের দুই ছেলের মধ্যে বড় নিরুদ্দেশ। ছোট ছেলে হোমগার্ড কর্মী দেবাশিসের কাছে থাকতেন তিনি। মেয়ে অনিতার বিয়ে হয় শিমুলতলীর হোটেল ব্যবসায়ী সত্য মণ্ডলের সাথে। জানা গেছে, এবারে ভোট দেওয়ার নাম করে মহিলাকে বাড়িতে নিয়ে গিয়েছিলেন অনিতা। কিন্তু সেখানে গিয়ে অসুস্থ হয়ে পড়েন। এর পরেই মাকে নিতে বোনের বাড়ি যান দেবাশিস সেই সময় তাঁকে মারধর করে ফিরিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। এরপর থেকে মেয়ের বাড়িতেই ছিলেন মহিলা। বুধবার মৃত্যুর খবর পান ছেলে। শিমুলতলী পৌছে তিনি দেখতে পান মার হাত ও পায়ের আঙুল খুবলে খেয়েছে শেয়াল। অত্যন্ত অবহেলায় ঘরের বাইরে পড়ে ছিলেন তিনি।